

বেরোবিতে ১১ কর্মকর্তা-কর্মচারী কাজ না করেই তুলছেন বেতন-ভাতা : দুদক

বেরোবি প্রতিনিধি

১২ মার্চ, ২০২৫ ১৭:০৪

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ড. ওয়াজেদ ইন্টারন্যাশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউটের ১১ কর্মকর্তা-কর্মচারী কোনো কাজ না করে প্রতি মাসে বেতন-ভাতা উত্তোলন করছেন বলে অভিযোগ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

আজ বুধবার (১২ মার্চ) সকালে দুদকের রংপুর অফিসের পরিচালক হোসেন শরীফের নেতৃত্বে চার সদস্যবিশিষ্ট প্রতিনিধি দল বেরোবির রিসার্চ অফিসারদের বিরুদ্ধে তদন্ত শুরু করেন। এতে বেরোবির ড. ওয়াজেদ ইন্টারন্যাশনাল রিসার্চ ইনস্টিটিউটের কর্মরত কর্মকর্তাদের কর্মস্থলে অনিয়ম ও অবৈধ বেতন উত্তোলনের তথ্য পাওয়া যায়।

আরো পড়ুন



রোজা না রাখায় বৃদ্ধকে কান ধরিয়ে উঠবস

হোসেন শরীফ বলেন, ‘২০০৯ সালে সাবেক উপাচার্য প্রফেসর ড. জলিল মিয়ার ইচ্ছায় এই ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়েছিল।

কিন্তু ইনস্টিটিউটটি কোনো অনুমোদন বা নীতিমালা ছাড়াই পরিচালিত হয় এবং এখানে কর্মরত বেশিরভাগ কর্মকর্তার কার্যক্রম বন্ধ হয়ে গেছে। তবে, তারা নিয়মিতভাবে বেতন উত্তোলন করছেন।’

তিনি আরো বলেন, ‘২০২২ সালে রিসার্চ অফিসারদের নিয়োগ নিয়ে প্রশ্ন উঠলে ইনস্টিটিউটের কার্যক্রম স্থবির হয়ে যায় এবং ২০২২ সাল থেকে ২০২৫ সাল পর্যন্ত প্রায় সব কর্মকর্তা-কর্মচারী বসে বসেই বেতন নিচ্ছেন।’

আরো পড়ুন



ভাইরাল ৮ উপদেষ্টার অনুমোদনপত্রটিকে ভুয়া বললেন প্রেসসচিব

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. শওকাত আলী বলেন, ‘আমি বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর এই ইনস্টিটিউটের কার্যক্রম সম্পর্কে অবগত হই এবং বর্তমানে আমি নীতিমালা তৈরির কাজ করছি।